সদ্য ভূমিষ্ঠ হওয়া চার কন্যার পাশে দাঁড়ালেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক

চুয়াডাঙ্গায় আলোড়ন সৃষ্টিকারী একসঙ্গে ভূমিষ্ঠ হওয়া চার কন্যার পাশে দাঁড়ালেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান।

বুধবার বেলা সাড়ে এগারোটার সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান সদ্য একসঙ্গে ভূমিষ্ঠ হওয়া চার কন্যার জন্য মিষ্টি ও আর্থিক সহায়তা দেন। এসময় তিনি সদ্য ভূমিষ্ঠ হওয়া চার কন্যার নামকরণ করেন দোয়েল-কোয়েল-ময়না-টিয়া।

চুয়াডাঙ্গা শহরের আঁখিতারা জেনারেল হাসপাতালে একসঙ্গে চার কন্যাসন্তানের জন্ম দিয়েছেন দামুড়হুদা উপজেলার জুরানপুর ইউনিয়নের বিষ্ণপুর গ্রামের কল্পনা-মাহাবুব দম্পতি। আজ নবজাতকদের দেখতে হাসপাতালে গিয়ে ফুল দিয়ে শুভেচ্ছা জানান এবং মিষ্টিমুখ করান চুয়াডাঙ্গা জেলা প্রশাসক মোহাম্মদ আমিনুল ইসলাম খান। এসময় তিনি ঐ দম্পতির হাতে ১০০০০/-(দশ হাজার) টাকা অর্থ সহায়তা প্রদান করেন এবং হাসপাতাল কর্তৃপক্ষকে নবজাতকদের যাবতীয় চিকিৎসা খরচ বিনামূল্যে প্রদান করার জন্য অনুরোধ জানান।

ঐ দম্পতির অনুরোধে জেলা প্রশাসক মহোদয় তাদের যথাক্রমে দোয়েল, কোয়েল,ময়না ও টিয়া নামকরণ করেন।

উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা প্রশাসক কার্যালয়ের সহকারী কমিশনার ও এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট নজরুল ইসলাম, চুয়াডাঙ্গা সদর হাসপাতালের গাইনী কনসালটেন্ট আকলিমা খাতুন।